

## 🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১০১

১/ বিবিধ

আরবী

أعلم الناس من يجمع علم الناس إلى علمه، وكل صاحب علم غرثان ضعيف

رواه أبو يعلى في " مسنده " (120/2) وعنه الديلمي في " مسند الفردوس " (1/1/121) عن مسعدة بن اليسع عن شبل بن عباد عن عمرو بن دينار عن جابر بن عبد الله أن رجلا جاء إلى النبي صلى الله عليه وسلم قال: أي الناس أعلم؟ قال: من جمع قلت: وهذا إسناد موضوع آفته مسعدة هذا، قال الذهبي في " الميزان " هالك، كذبه أبو داود، وقال أحمد بن حنبل: حرقنا حديثه منذ دهر وقال ابن أبى حاتم (4/1/371)

" سألت أبي عنه فقال: هو ذاهب منكر الحديث لا يشتغل به، يكذب على جعفر بن

قلت: وهذا الحديث مما سود به السيوطي " جامعه الصغير "، وتعقبه المناوي بقول الهيثمي (1/162)

" فيه مسعدة بن اليسع وهو ضعيف جدا

قلت: وعليه فقوله في " التيسير

" وإسناده ضعيف

يخالف ما نقله عن الهيثمي وأقره عليه كما يخالف حال راويه مسعدة نعم قد وجدت له متابعا قويا يمنع من الحكم على الحديث بالوضع وإن كان مرسلا،



فقال الدارمي في "سننه " (1/86): أخبرنا يعقوب بن إبراهيم: نا يحيى بن أبي بكير: نا شبل عن عمرو بن دينار عن طاووس قال: قيل: يا رسول الله! أي الناس أعلم؟ الحديث

قلت: وهذا إسناد صحيح رجاله كلهم ثقات رجال البخاري،؛ ولكنه مرسل

## বাংলা

১১০১। লোকদের মধ্যে সর্বাপেক্ষা জ্ঞানী সেই ব্যক্তি যে মানুষের জ্ঞানকে তার জ্ঞানের সাথে একত্রিত করে। আর প্রত্যেক জ্ঞানী ব্যক্তি ক্ষুধার্ত।

शमीमिं पूर्वन।

এটি আবু ইয়ালা তার "মুসনাদ" গ্রন্থে (২/১২০) ও তার থেকে দায়লামী "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে (১/১/১২১) মুসয়াদাহ ইবনুল ইয়াসা হতে, তিনি শিবল ইবনু আব্বাদ হতে, তিনি আমর ইবনু দীনার হতে, তিনি জাবের ইবনু আদিল্লাহ হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। তার সমস্যা হচ্ছে এই মুসয়াদাহ। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ তিনি ধ্বংসপ্রাপ্ত। তাকে আবু দাউদ মিথ্যুক আখ্যা দিয়েছেন। ইমাম আহমাদ বলেনঃ এক যুগ হতে তার হাদীস পুড়িয়ে ফেলেছি।

ইবনু আবী হাতিম (৪/১/৩৭১) বলেনঃ আমি আমার পিতাকে তার সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বলেনঃ তিনি যাহেব, মুনকারুল হাদীস। তিনি হাদীস নিয়ে ব্যস্ত থাকতেন না। তিনি জাফার ইবনু মুহাম্মাদের উপর মিথ্যারোপ করতেন।

আমি (আলবানী) বলছিঃ সুয়ূতী হাদীসটি "আল-জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করে তাকে কালিমালিপ্ত করেছেন। মানবী তার সমালোচনা করে বলেছেনঃ হায়সামী বলেনঃ তার সনদে মুসায়াদাহ ইবনু ইয়াসা রয়েছেন তিনি খুবই দুর্বল।

আমি (আলবানী) তার একটি শক্তিশালী মুতাবায়াত পেয়েছি যেটি হাদীসটিকে বানোয়াট হতে রক্ষা করছে। যদিও সেটি মুরসাল।

এ সনদের সকল বর্ণনাকারী নির্ভরযোগ্য, ইমাম বুখারীর বর্ণনাকারী হওয়ায় সহীহ। কিন্তু মুরসাল। এ কারণেই হাদীসটি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন